

# আনিসুল হককে মেয়র চান বাঁধন

প্রকাশিত: ১০:৫০ এ.এম, ০৯ এপ্রিল ২০১৫

আনিসুল হককে মেয়র  
চান বাঁধন

শুরু হয়েছে সিটি নির্বাচন। দেশজুড়ে চলছে এর আলোচনা-উদ্‌যাদনা। তাল মিলিয়ে রাজধানীতে দুই ভাগে চলছে ব্যাপক প্রচারণা। সেই প্রচারে নিজ নিজ পছন্দের প্রার্থীর পক্ষে অংশ নিচ্ছেন অনেক তারকারাও।

এবার লাক্স সুন্দরী আজমেরী হক বাঁধনকে দেখা গেলো ঢাকা উত্তরের মেয়র প্রার্থী ব্যবসায়ী আনিসুল হকের পক্ষে ভোট চাইছেন। বৃহস্পতিবার তিনি মিরপুরের বেশ কিছু এলাকায় আনিসুল হক, তার স্ত্রী ও স্থানীয় সংসদ সদস্য ইলিয়াস মোল্লার সঙ্গে প্রচারণায় অংশ নেন। এসময় আনিসুল হকের নেতা-কর্মীরাও সঙ্গে ছিলেন।

এ বিষয়ে জানতে চাইলে বাঁধন জাগোনিউজকে বলেন, ‘নির্বাচন এদেশের মানুষের কাছে সবসময়ই আনন্দমুখর একটি পর্ব। আমার কাছেও তাই। গত সিটি নির্বাচনের সময় আমি প্রথম ভোটের হই। কিন্তু ভোটের আনন্দটা সেবার বুঝতেই পারিনি। তাই এবার নিজে মাঠে নেমে উপভোগ করছি নির্বাচনী আমেজ।’

মেয়র প্রার্থী আনিসুল হক সম্পর্কে বাঁধন বলেন, ‘আমি রাজনীতি বুঝি না। কোনো দল বা মতের পক্ষেও নই। আমি চাই ভালো একজন মানুষ আমাদের নগরপিতা হবেন। যার হাত ধরে আমরা ভালো থাকবো, আমাদের প্রিয় শহরটা ভালো থাকবে। এটুকু চাইবার নাগরিক অধিকার আমার আছে।’

এই অভিনেত্রী আরো বলেন, ‘আমাদের ঢাকা উত্তরের জন্য যে কয়জন প্রার্থী আছেন তাদের মধ্যে আনিসুল হক, মাহী বি চৌধুরী, জুনায়েদ সাকি ভাইসহ আরো কয়েকজন প্রচারণায় এগিয়ে রয়েছে। এনারা দল-মতের বাইরে গিয়ে মানুষের কাছে সমাদৃত হচ্ছেন। সে হিসেবেই আমার পছন্দের প্রার্থী আনিসুল হক ভাই। উনি যদিও একটি দলের সমর্থন নিয়ে নির্বাচন করছেন কিন্তু আমি দেখেছি একজন ভালো এবং সৎ মানুষ হিসেবেও উনার গ্রহণযোগ্যতা আছে। এলাকায় উনার সম্মান আছে। একজন আদর্শ ব্যবসায়ী হিসেবে তিনি সুপরিচিত। আনিসুল ভাই যে প্রতিষ্ঠানেই দায়িত্ব নিয়েছেন সেখানেই উন্নতি হয়েছে-এমনটাই দাবি এলাকার মানুষের। এসব দেখেই আমি চাই উনার মতো মানুষের হাতেই ঢাকা উত্তরের দায়িত্ব থাক। তাই উনার জন্য ভোট চাইতে গিয়েছি।’

বাঁধন জানালেন, মিরপুরের আশপাশের এলাকায় গিয়ে তিনি আনিসুল হকের জন্য ভোট চেয়েছেন। এসময় বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠান, গার্মেন্ট শিল্প, আবাসিক এলাকায় প্রচারণা চালান বাঁধন।

এদিকে আসছে বৈশাখ উপলক্ষে সম্প্রতি নতুন একটি টেলিফিল্মে কাজ করলেন বাঁধন। দেবজ্যোতি ভক্তের রচনা ও পরিচালনায় ‘তামাশা’ নামের টেলিফিল্মটি মাছরাঙার পর্দায় প্রচার হবে। এতে এই ডাক্তার মডেল ও অভিনেত্রীর বিপরীতে অভিনয় করেছেন

ছেট পর্দার প্রিয় মুখ মাজনুন মিজান।

এলএআরআই